একযোগে বন্যাকবলিত ৭ জেলা

দেশের উত্তর ও পূর্বাঞ্চলের ৭ জেলায় একযোগে বন্যা কবলিত হয়েছে। আগামী ৪৮ ঘন্টার মধ্যে আরও দুই জেলা আক্রান্ত হবে। বন্যা কবলিত জেলাগুলো হলো-কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, জামালপুর, সিলেট ও সুনামগঞ্জ বন্যা কবলিত হয়েছে।

বিশেষজ্ঞরা বলছেন, ভারতের পূর্বাঞ্চল বা উজান থেকে নেমে আসা পানি, অতি বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এ বন্যা দেখা দিয়েছে। তা জুলাইয়ের প্রথম সপ্তাহ পর্যন্ত চলতে পারে।

এফএফডব্লিউসির বুলেটিনে বলা হয়, উল্লিখিত নদীগুলোতে বাড়তে পারে পানি প্রবাহ। ফলে উল্লিখিত জেলাগুলোতে বন্যা পরিস্থিতির আরও অবনতি হতে পারে। বর্তমানে বিপৎসীমার সবচেয়ে উপরে বইছে যদুকাটা লরেরগড় পয়েন্টে ১২১ সেন্টিমিটার উপরে। ধরলা বইঠে ৪১ সেন্টিমিটার, তিস্তা ডালিয়া পয়েন্টে ১৮ সেন্টিমিটার, ব্রহহ্মপুত্র নুনখাওয়া ও চিলমারিতে যথাক্রমে ২১ ও ৩৫ সেন্টিমিটার উপরে বইছে। যমুনা ফুলছড়ি ও বাহাদুরাবাদ পয়েন্টে ২৫ ও ১৮ সেন্টিমিটার উপরে এবং সুরমা কানাইঘাটে ৪০ ও কুশিয়ারা সুনামগঞ্জে ৪৬ সেন্টিমিটার উপরে বইছে।

৪৮ ঘণ্টার মধ্যে আক্রান্ত হবে আরও দুই জেলা: এদিকে এক সপ্তাহের মধ্যে দেশের আরও বেশ কয়েকটি জেলায় বন্যাকবলিত হওয়ার আশংকা রয়েছে।

সরকারের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র (এফএফডব্লিউসি) বলেছে, আগামী ৪৮ ঘন্টার মধ্যে সিরাজগঞ্জ ও বগুড়াও আক্রান্ত হবে। ব্রহ্মপুত্র, যমুনা, তিস্তা, ধরলা, সুরমা, কুশিয়ারা, যদুকাটা ৯টি পয়েন্টে বইয়ে বিপৎসীমার উপরে। সোমেশ্বরী, ভূগাই ও কংস ২৪ থেকে ৪৮ ঘন্টায় বিপৎসীমা পার করবে। সবমিলে বন্যা পরিস্থিতি আরও অবনতি ঘটবে।

বিশেষজ্ঞের বক্তব্য: বুয়েটের পানি ও বন্যা ব্যবস্থাপনা ইন্সটিটিউটের অধ্যাপক ড. একেএম সাইফুল ইসলাম যুগান্তরকে বলেন, বাংলাদেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল এবং ভারতের মেঘালয়, আসাম, দার্জিলিংসহ পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে আগামী তিন ব্যাপক বৃষ্টিপাত হতে পারে। ফলে নদ-নদীতে পানিপ্রবাহ আরও বেড়ে যেতে পারে। এ বন্যা স্বল্প থেকে মধ্যমেয়াদী বন্যা হতে পারে। অর্থাৎ

বন্যার মেয়াদ ১৫দিনও হতে পারে। এই বন্যার পানি একদিকে মেঘনার দিকে এবং আরেকদিকে যমুনা হয়ে পদ্মায় আসতে পারে। এতে মধ্যাঞ্চল বা ঢাকা, নরসিংদী, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুরের নিম্নাঞ্চল বন্যাকবলিত হতে পারে।

যুগান্তর রিপোর্ট

এইচএসসিতে পরীক্ষা কমানোর কথা ভাবছে সরকার

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার সংখ্যা কমিয়ে এনে কম সময়ে তা শেষ করার পরিকল্পনা করছে সরকার।

শনিবার এডুকেশন রিপোর্টার অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ইরাব) আয়োজিত ‘করোনায় শিক্ষার চ্যালেঞ্জ ও উত্তরণে করণীয়’ শীর্ষক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান।

তিনি বলেন, ‘এবারের এইচএসসির সিলেবাস কমানোর কোনো যৌক্তিকতা নেই, কারণ তারা (শিক্ষার্থী) তাদের তো তাদের সিলেবাস সম্পন্ন করেছে। এখন হতে পারে, যে হ্যাঁ, পাবলিক পরীক্ষা (এইচএসসি) নেওয়া হবে, আবার এত লাখ লাখ পরিবার, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, এত প্রশাসনের মানুষ, এত শিক্ষক- সবাইকে ঝুঁকির মধ্যে ফেলব? আমরা সেটিকে, আমরা কম সময়ে করতে পারি কি না, কম সংখ্যক পরীক্ষা নিতে পারি কি না- আমরা সবকিছুই কিন্তু ভাবছি।’

করোনা পরিস্থিতি ‘অনুকূলে’ আসার ১৫ দিন পর এইচএসসির পরীক্ষা নেয়ার পরিকল্পনার কথা জানিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, ‘এইচএসসি পরীক্ষার নেওয়ার পূর্ণ প্রস্তুতি আমাদের রয়েছে। আমি আগেও বলেছি যখনই অনুকূল পরিস্থিতি হবে তার ১৫ দিনের মধ্যে পরীক্ষা নিতে পারব। এ ১৫ দিন শিক্ষার্থীদের নোটিশ দিতে হবে। তাদের প্রস্তুতি ঝালিয়ে নিতে সময় দিতে হবে।’

গত ১ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরুর কথা থাকলেও

করোনাভাইরাসের সংক্রমণের কারণে তা স্থগিত করা হয়। এরপর থেকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে বন্ধ।

যুগান্তর রিপোর্ট

জীবননগরে রাতের আধারে বাড়িতে ডাকাতি ৭লক্ষ টাকার মালামাল লুট

জীবননগরে রাতের আধারে অস্ত্রের মুখে জিম্মি করে বাড়িতে ডাকাতি নগদ অর্থসহ ৭লক্ষ টাকার মালামাল লুট ।শুক্রবার রাত ২টার সময় জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের মিনাজপুর গ্রামের মোক্তার হোসেনের ছেলে হামিদুজ্জামান টিটোর বাড়িতে এ ঘটনা ঘটেছে।

বাড়ির মালিক অভিযোগ করে বলেন,শুক্রবার রাত ২টার দিকে আমাদের বাড়ির গেটের তালা ভেঙ্গে বাড়ির ভিতরে প্রবেশ করে এবং আমার ঘরে বেশ কিছু ব্যাক্তি দেশীয় হাসুয়া,চাইনিজ কুড়ুল হাতে মুখে মুখোশ পরে আমাদের পরিবারের ৪জন সদস্যর চোখ,মুখ বেধে একটি ঘরে জিম্মি করে রাখে।এবং গলায় গাসুয়া ধরলে ৭ভরি স্বর্ণের গহনা,১৬ ভরি রুপার গহনা,নগদ টাকাসহ ৭লক্ষ টাকার মালামাল লুট করে নিয়ে যায়।আমরা কাউকে চিনতে পারি নাই সবার মুখে মুখোশ পরা ছিল ।জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,শুক্রবার রাতে মিনাজপুরে গ্রামে একটি বাড়িতে ডাকাতির ঘটনা ঘটে ।

এ সংবাদ শুনে রাতেই আমরা ওই বাড়িতে গিয়েছি ।তবে এ বিষয়টি আমরা তদন্ত করছি তদন্ত শেষে এর সাথে জড়িত ব্যাক্তিদের গ্রেফতার করা হবে ।এদিকে জীবননগর উপজেলায় হঠাৎ করে ডাকাতির ঘটনা বৃদ্ধি পাওয়ায় এলাকার সাধারন মানুষের মধ্যে চরম আতস্ক বিরাজ করছে ।##

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আটককৃত ব্যক্তিকে অবৈধ ভাবে সীমান্ত অতিক্রম করার দায়ে বাংলাদেশ পাসপোর্ট অধ্যাদেশ ১৯৭৩ এর ১১(১)(গ) ধারায় আটক করে জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে ।##

মেহেরপুর জেলা যুবলীগের বৃক্ষরোপণ কর্মসূচি

বাংলাদেশ আওয়ামী লীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ৭১ হাজার গাছের চারা রোপনের উদ্যোগ নিয়েছে মেহেরপুর জেলা যুবলীগ। এরই ধারাবাহিকতায় শনিবার সকালে জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন শহরের শেখপাড়া কবরস্থানে ৪ হাজার গাছের চারা লাগিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়।

এসময় মাহফুজুর রহমান রিটন বলেন, পরিবেশগত ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণের ভূমিকা যেমন ব্যাপক ও সুদূরপ্রসারী তেমনি সুষম অর্থনৈতিক উন্নয়নেও এর গুরুত্ব অপরিসীম। বিশেষজ্ঞদের মতে, পরিবেশের ভারসাম্য ও সুষম জলবায়ুর প্রয়োজনে একটি দেশের মোট আয়তনের অন্তত ২৫ ভাগ বনভূমি থাকা আবশ্যক।

আমাদের দেশের অর্থনৈতিক ও বিভিন্ন প্রয়োজন মেটাতেও পর্যাপ্ত বৃক্ষ থাকা অতীব প্রয়োজন। প্রাকৃতিক ও পরিবেশগত ভারসাম্য রক্ষায় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দেশব্যাপী “গাছ লাগাও, পরিবেশ বাচাও”এই স্লোগানে কেন্দ্রীয় যুবলীগের আহবানে বৃক্ষরোপণ র্কমসূচী গ্রহন করা হয়েছে। এলক্ষ্যে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে জেলায় ৭১ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে পৌরসভার কলেজ মোড় ও শেখপাড়া কবরস্থানে ৪ হাজার বৃক্ষ রোপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

বৃক্ষরোপণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, পৌর কাউন্সিলর শাকিল রাব্বী ইভান, বাপ্পি, রিপন, কেন্দ্রীয় যুবলীগের সদস্য ও জেলা যুবলীগের সদস্য মেজবাহ উদ্দিন, ইয়ানুছ আলী, আমানুর রহমান সোহেল, সাজেদুর রহমান সাজু, সাইফুল ইসলাম উজ্জল, শেখ সারাফত, আফজাল হোসেন লিখন, শেখ কাজল, শাহাজান আলীসহ যুবলীগরে নেতার্কমীরা।

ঝিনাইদহ ট্রাক চাপায় শিশু নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় রিমা খাতুন (৮) নামে এক শিশু নিহত হয়েছে। শনিবার সকাল ৯ টার দিকে যশোর-ঝিনাইদহ সড়কের বলিদাপাড়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত রিমা খাতুন বলিদাপাড়া প্রাথমিক বিদ্যলয়ের ৩য় শ্রেনীর ছাত্রী একই গ্রামের লিটন হোসেনের মেয়ে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, শনিবার সকাল ৯টার দিকে যশোর-ঝিনাইদহ সড়কের পাশেই দাঁড়িয়েছিল রিমা। দ্রুত গতিতে আসা যশোরগামী একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে রিমাকে চাপা দিয়ে রাস্তার পাশে পড়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় শিশু রিমা।

কালীগঞ্জ ফায়ার সার্ভিস ও ডিফেন্স সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে সড়ক দুর্ঘটনায় নিহত শিশু রিমার মৃতদেহ উদ্ধার করে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

মেহেরপুরে বিশিষ্ট সাংস্কৃতিক জন ও ভাষা সৈনিক ননী গোপাল

ভট্টাচার্য আর নেই

মেহেরপুরের প্রবীণ ভাষা সৈনিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ত্ব ও মেহেরপুর মাধ্যিমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক ননী গোপাল ভট্টাচার্য পরলোক গমন করেছেন।
আজ শনিবার বিকাল ৫টা ১০ মিনিটে তিনি বার্ধক্যজনিত কারণে নিজ শহরের হোটেলবাজারস্থ নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি জেলা জজ আদালতের পিপি পল্লব ভট্টাচার্যের কাকা। তিনি মৃত্যুকালে তিন ছেলে , ২ মেয়ে, নাতি নাতকুড়ীসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছন।

আজ রাত ১১ টায় মেহেরপুর পৌর শশান ঘাটে সংকার কাজ সম্পন্ন করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

ভাষা সৈনিক ও সাংস্কৃতিক কর্মী ননী গোপাল ভট্টাচার্যের মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টু, শামিম জাহাঙ্গীর সেন্টু, শামিমুল ইসলামসহ বিভিন্ন সংগঠনের নের্তৃবন্দরা।

মেহেরপুরে নিখিলের জন্মদিন উপলক্ষে দোয়া মাহফিল

মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে কেন্দ্রীয় যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিলের জন্মদিন পালন করা হয়েছে। এ উপলক্ষে শনিবার মেহেরপুর পৌরসভার সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিধি মেনে আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

সভাপতির বক্তব্যে রিটন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে

ও কেন্দ্রীয় যুবলীগের দিক নির্দেশনায় মেহেরপুর যুবলীগ এই করোনাকালিন সময়ে নিরলস কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে মেহেরপুর জেলা যুবলীগ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ৭১ হাজার বৃক্ষরোপণের উদ্যোগ নিয়েছে। যা বাস্তবায়নের পথে। যেকোন পরিস্থিতিতে মেহেরপুর জেলা যুবলীগ সবসময় দলের পাশে থাকবে।
এসময় কেন্দ্রীয় যুবলীগের সাধরণ সম্পাদক মাঈনুল খান নিখিলের দীর্ঘায়ু কামনা করে রিটন বলেন, যুবলীগ একটি যোগ্য নেতৃত্বের হাত ধরে এগুচ্ছে। পরশ ভাই এবং নিখিল ভায়ের দিক নির্দেশনায় মেহেরপুর জেলা যুবলীগের সঠিক নেতৃত্ব গড়ে তুলবো।

অন্যদের মধ্যে বক্তব্য দেন, সদর উপজেলা যুবলীগের আহবায়ক মিজানুর রহমান অপু, সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান হিলন, সাবেক জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা।

এসময় উপস্থিত ছিলেন, জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য সাজিজুর রহমান সাজু, ইউনুস আলী, মেজবাহ উদ্দিন, সাইদুর রহমান উজ্জল, শহর যুবলীগের সাধারণ সম্পাদক শহিদুজ্জামান সুইট সহ ইউনিয়ন যুবলীগের নেতৃবৃন্দ।

মেপ্র/এমএফআর

বিশেষ ফ্লাইটে ইতালি ফিরে গেলেন আরও ২৮১ বাংলাদেশি

বিশেষ ফ্লাইটে ইতালি ফিরে গেলেন আরও ২৮১ বাংলাদেশি
করোনার কারণে দেশে আসা আরও ২৮১ প্রবাসী বাংলাদেশি ইতালি ফিরে গেছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ চার্টার্ড ফ্লাইটে তারা ঢাকা ত্যাগ করেন।

শনিবার দুপুর ১২টা ১০ মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাদেরকে নিয়ে ইতালির উদ্দেশ্যে রওনা হয় ফ্লাইটটি।

বিমানের উপ-মহাব্যবস্থাপক (জনসংযোগ) তাহেরা খন্দকার গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন।

সর্বশেষ তথ্য অনুযায়ী, চলতি মাসে বিমানের বিশেষ চার্টার্ড ফ্লাইটে এ নিয়ে মোট ৮০৯ বাংলাদেশি ইতালি ফিরে গেছেন। এর মধ্যে গত ২৩ জুন গেছেন ২৬৯ জন এবং গত ১৭ জুন গেছেন ২৫৯ জন।

ইতালিতে করোনার ভয়াবহ আকার ধারণ করায় গত ফেব্রুয়ারি থেকে এই প্রবাসীরা বাংলাদেশে আসতে শুরু করেন। এখন ইতালির করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় ফিরে যাচ্ছেন তারা।